

ই.বিতে দুই শিক্ষকের খেফতারের প্রতিবাদে ছাত্রদের বিক্ষোভ

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি : ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা আবদুল মুঈদ এবং সহকারী অধ্যাপক একেএম মতিনুর রহমানকে শুক্রবার গভীর রাতে ক্যাম্পাস থেকে খেফতার করার প্রতিবাদে শনিবার ছাত্রদের বিক্ষোভে ক্যাম্পাস খুবই উত্তপ্ত হয়ে ওঠে।

ক্যাম্পাস সূত্রে জানা যায়, শুক্রবার রাত আনুমানিক ১টার দিকে অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক ও ছাত্র উপদেষ্টা আবদুল মুঈদ এবং রট্রনীতি ও লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক একেএম মতিনুর রহমান প্রচণ্ড গরমে ডরমেটরি থেকে বের হয়ে ক্যাম্পাসের খোলা জায়গায় ঘোরাফেরা করছিলেন। এদিকে পুলিশ বিশ্ববিদ্যালয়ের অ্যাথলেটস নিয়ে ক্যাম্পাসে পেট্রোল ডিউটি দিচ্ছিল।

ছাত্র উপদেষ্টা শহরে যাওয়ার জন্য পুলিশের কাছে বিশ্ববিদ্যালয়ের অ্যাথলেটস চাইলে পুলিশ দুই শিক্ষকের সাথে এ সময় খারাপ আচরণ এবং পরে আহত করে খেফতার করে থানায় নিয়ে যায়। ছাত্র উপদেষ্টার অবস্থা বেগতিক দেখে পুলিশ তাকে রাতেই কুষ্টিয়া সদর হাসপাতালে

ভর্তি করে এবং ওই দুই জন শিক্ষকের বিরুদ্ধে পুলিশ থানায় মামলা করে।

এদিকে পুলিশ দুইজন শিক্ষক খেফতার করায় গতকাল সকালে ছাত্র ইউনিয়ন ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট সাধারণ ছাত্রদের সাথে নিয়ে ক্যাম্পাসে বিক্ষোভ শুরু করে এবং বিশ্ববিদ্যালয়ের পরিবহন প্রায় ২ ঘণ্টা অটিকে রাখে। বিক্ষুব্ধ ছাত্ররা অবিলম্বে শিক্ষকদের মুক্তি এবং ক্যাম্পাস থেকে পুলিশ প্রত্যাহারের দাবি জানায়। ছাত্রদের বিক্ষোভের মুখে পুলিশ শিক্ষকদের ছেড়ে দেয়ার প্রতিশ্রুতি দিলে ছাত্ররা কিছুটা শান্ত হয়।

ইবির ছাত্র উপদেষ্টা আবদুল মুঈদ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আবদুল বায়েসের ছোট ভাই। এদিকে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সাথে পুলিশের এ রকম আচরণের দরুন ছাত্ররা অবিলম্বে ইবি পুলিশের কার্যক্রম ক্যাম্পাস থেকে সরিয়ে দেয়ার জোর দাবি করেছে।